



# Bangladesh Society for Training and Development (BSTD)

Address :  
14A & 31A (Level-12)  
Centre Point, Concord  
Tejkunipara, Farmgate  
Dhaka-1215, Bangladesh.

[bstddhaka@gmail.com](mailto:bstddhaka@gmail.com)

Phone : +88-02-9118321  
Mobile : 01817-072603  
Fax : 88-02-9118321  
E-mail : [bstd@dhaka.net](mailto:bstd@dhaka.net)  
Website: [www.bstddb.org](http://www.bstddb.org)

স্মারক নং-বিএসটিডি/৯-৭/১৩/রিপোর্টস অ্যান্ড রাইট-আপস/২০১৬/২১২

তারিখঃ ২৩/০৩/২০১৬খ্রিঃ

Secretary  
Ministry of Information  
Dhaka.

| অতিরিক্ত সচিবের দপ্তর   |     |
|---|-----|
| ডায়েরী নং  | ৪৫২ |
| তারিখঃ  | ২/৪ |
| <input checked="" type="checkbox"/> অতিরিক্ত সচিব (প্রশাসন/সংস্কার/উন্নয়ন) |     |
| <input type="checkbox"/> অতিরিক্ত সচিব (প্রেস)                              |     |
| <input type="checkbox"/> অতিরিক্ত সচিব (তথ্য)                               |     |

বিষয় : বিএসটিডি কর্তৃক পরিচালিত "Preparation of Reports and Write-Ups" বিষয়ক প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি (বিএসটিডি) জাতীয় পর্যায়ে প্রশিক্ষকদের শীর্ষ পেশাগত প্রতিষ্ঠান। পেশাগত মান উন্নয়নের জন্য এ প্রতিষ্ঠান গবেষণা ও উদ্ভাবনী ধরনের প্রশিক্ষণ কোর্স প্রবর্তন করে থাকে। বিএসটিডি "Preparation of Reports and Write-Ups" বিষয়ে ০৫ (পাঁচ) দিনের একটি নতুন কোর্সের উদ্ভাবন করেছে। "প্রতিবেদন প্রণয়ন" একটি অত্যাবশ্যকীয় দক্ষতা যা সব ধরনের কর্মকর্তার থাকা প্রয়োজন। কিন্তু বাংলাদেশে "প্রতিবেদন প্রণয়ন" বিষয়ে আনুষ্ঠানিক প্রশিক্ষণের সুযোগ খুবই সীমিত বা নেই বললেই চলে। এ কোর্সের মাধ্যমে প্রশিক্ষণার্থীরা প্রতিবেদন প্রণয়নের জ্ঞান ও দক্ষতা অর্জন করবে। এ কোর্সে যে সকল দাপ্তরিক প্রতিবেদন প্রস্তুতের বিষয়ে অভিজ্ঞ প্রশিক্ষকবৃন্দ কর্তৃক প্রশিক্ষণ দেয়া হবে সেগুলি হচ্ছে সভার কার্যবিবরণী, তদন্ত প্রতিবেদন, পজিশন পেপার, ওয়ার্কিং পেপার, কেবিনেট সামারি, চুক্তিপত্র, কেস তৈরী, প্রেস রিলিজ, প্রকল্প সমাপ্তি প্রতিবেদন ইত্যাদি। আপনার সদয় অবগতির জন্য কোর্স আউটলাইন এসাথে সংযুক্ত করা হলো।

উল্লিখিত "Preparation of Reports and Write-Ups" বিষয়ক প্রশিক্ষণ কোর্সটি আগামী ০৮-১২ মে ২০১৬ সময়কালে বিএসটিডি'র কার্যালয়- ১৪ ক, সেন্টার পয়েন্ট কনকর্ড (লেভেল-১২), ফার্মগেট, ঢাকায় অনুষ্ঠিত হবে। প্রতিদিন সকাল ১০:০০টা থেকে শুরু হয়ে অপরাহ্ন ৫:০০টা পর্যন্ত কোর্স সেশনসমূহ চলবে। কোর্স ফি জনপ্রতি ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা মাত্র। যা বিএসটিডি'র অনুকূলে নগদ/চেক মারফৎ কোর্স শুরুর পূর্বেই পরিশোধ করতে হবে।

আপনার মন্ত্রণালয়/সংস্থা হতে যে সকল কর্মকর্তাগণ উক্ত বিষয়ের ওপর কাজ করছেন বা যাদের আগামীতে কাজ করার সম্ভাবনা আছে তাঁদের মধ্য হতে কমপক্ষে ০৩ (তিন) জনকে আগামী ২৮ এপ্রিল ২০১৬ তারিখের মধ্যে মনোনয়ন প্রদানের জন্য আপনার প্রতি বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। কোর্স ফি ও মনোনয়নপত্রটি বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি'র (বিএসটিডি) কার্যালয় ১৪ ক, সেন্টার পয়েন্ট কনকর্ড (লেভেল-১২), ফার্মগেট, ঢাকায় পাঠাতে অনুরোধ জানাচ্ছি। এ বিষয়ে আরও বিস্তারিত জানার প্রয়োজন হলে কোর্স উপদেষ্টা ও ব্রেকট, পরিচালক বেগম তাহামিন বানু (ফোন-৫৫০৩৮৯১৪, মোবাইল-০১৭৫৪৯৮৭৩৯২) এবং কোর্স পরিচালক ও বিএসটিডি'র নির্বাহী কর্মকর্তা জনাব মুহাম্মদ জিল্লুর রহমান (ফোন- ০২-৯১১৮৩২১, মোবাইল-০১৮১৭০৭২৬০৩) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

এ বিষয়ে আপনার সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

| অতিরিক্ত সচিবের দপ্তর   |               |
|---|---------------|
| ডায়েরী নং- ২৭  | তারিখঃ ৭/৪/১৬ |
| <input checked="" type="checkbox"/> অতিরিক্ত সচিব (প্রশাসন/সংস্কার/উন্নয়ন) |               |
| <input type="checkbox"/> যুগ্মসচিব (প্রেস)                                  |               |
| <input type="checkbox"/> যুগ্মসচিব (তথ্য)                                   |               |

আপনার বিশ্বস্ত,  
  
(এম খায়রুল কবীর)  
মহাসচিব

তথ্য মন্ত্রণালয়  
প্রশাসন-৪ অধিশাখা

নং- ১৫.০০.০০০০.০১৮.২৫.০০৪.১৪.১৬৮

তারিখঃ ১১/০৪/২০১৬

উপর্যুক্ত বিষয়ে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের ক্ষমতাসম্পন্ন কর্মকর্তাগণ (প্রশিক্ষণ ব্যয় স্ব-স্ব দপ্তর/সংস্থা নির্বাহ সাপেক্ষে) আগামী ২৫-০৪-২০১৬ তারিখের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনের ওপর কোন কার্যক্রম গ্রহণ করা হবে না।

(নিলুফার নাজনীন)  
উপ-সচিব  
ফোন- ৯৫৬৭১০১।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রণালয়ের কর্মকর্তা(১ম শ্রেণী)(সকল)/ সচিব, তথ্য কমিশন/ প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর/ মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ গণযোগাযোগ অধিদপ্তর/ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট/চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর/বাংলাদেশ ফিল্ম আর্কাইভ/বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট/ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন/বাংলাদেশ সংবাদ সংস্থা/ সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল/ ভাইস-চেয়ারম্যান, সেন্সর বোর্ড/ প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট।
২. সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে বিজ্ঞপ্তি দেয়ার অনুরোধসহ)